**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আগামীকাল মহাষষ্ঠী। বোধনের মধ্য দিয়ে শুরু হবে পাঁচদিনব্যাপি শারদীয় দুর্গোৎসব ।**

**(২) শারদীয় দুর্গা পূজা উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন।**

**(৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সঠিক পরিচর্যা ও ভালোবাসার মাধ্যমে দিব্যাঙ্গজনরাও আত্মনির্ভরতার পথ খুঁজে পাবেন ।**

*********************************************

**Sharad Utsab :**

আগামীকাল মহাষষ্ঠীতে বোধনের মধ্যে দিয়ে শুরু হবে পাঁচদিনব্যাপি শারদীয় দুর্গোৎসব আজ পঞ্চমী তিথি। রাজ্যের সবত্র পূজা মন্ডপগুলোও প্রস্তুত শারদ উৎসবের আবহে। ইতিমধ্যে আগরতলায় বেশ কিছু পূজা মন্ডপের উদ্বোধনও হয়ে গেছে। তবে গতকাল চতুর্থীতে শহরের বড় বাজেটের পূজা মন্ডপে দর্শনার্থীদের ভিড় দেখা গেছে। আজও পঞ্চমী তিথিতে সন্ধ্যার পর থেকে মন্ডপে মন্ডপে উপচে পড়া ভিড় লক্ষ্য করা গেছে। গ্রাম থেকে শহর সবত্র আলোকমালায় সেজে উঠেছে। পুজোর চার দিন সপ্তমী, অষ্টমী, নবমী এবং দশমীতে আগরতলা শহরে বিকেল ৫টা থেকে রাত ১টা পর্যন্ত যান চলাচল নিয়ন্ত্রনে নো-এন্ট্রি বলবৎ থাকবে।

*****************************

**Greetings–Durga Puja :**

শারদীয় দূর্গা পূজা উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, দুর্গোৎসব রাজ্যবাসীর মধ্যে আনন্দ, ভালোবাসা, সুখ-শান্তি, ভ্রাতৃত্ববোধ বয়ে আনুক। মা দুর্গার আশীর্বাদে সবার জীবন আলোকিত হয়ে উঠুক।'

মুখ্যমন্ত্রী এক বার্তায় বলেন, উৎসব সকল জাতি, ধর্ম, বর্ণ ও সম্প্রদায়ের মানুষকে একাত্ম করে তোলে। শারদোৎসবের আনন্দময় পরিমন্ডলে গড়ে ওঠে সম্প্রীতি ও সৌভ্রাতৃত্ববোধ। দুর্গোৎসবে তিনি রাজ্যবাসীর সুখ ও সমৃদ্ধি কামনা করেন।

*****************************

**PM– Amrit Bharat Express :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ওড়িশার ঝারসুগুডায় ৬০ হাজার কোটি টাকারও বেশি বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। এ উপলক্ষ্যে আমলিপালি গ্রাউন্ডে এক জনসভায় তিনি বলেন, দরিদ্রদের ক্ষমতায়নে বিজেপি সরকার প্রতিশ্রুতিবদ্ধ। ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্যকে সামনে রেখে দেশ কিভাবে দ্রুত এগিয়ে যাচ্ছে সে সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন।

######Byte–PM######

প্রধানমন্ত্রী আজ উড়িষ্যায় একটি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা ও ১,৭০০ কোটি টাকার একাধিক রেল প্রকল্পের উদ্বোধন করেন। তাছাড়া তিনি ৯৭,৫০০টি মোবাইল ফোর জি টাওয়ারেরও সূচনা করেন। স্বদেশী প্রযুক্তিতে প্রায় ৩৭ হাজার কোটি টাকা খরচ করে এগুলি নির্মাণ করা হয়েছে। প্রধানমন্ত্রী সম্বলপুর-সারলা রেল ফ্লাইওভারের শিলান্যাস এবং

কোরাপুট-বাইগুরা ও মানাবার-কোরাপুট-গোরাপুর রেল লাইন ডাবল করার কাজেরও সূচনা ও জাতির উদ্দেশে উৎসর্গ করেন।

****************************

**Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ আজ স্বদেশী পণ্যের গুরুত্বের উপর জোর দিয়ে বলেন, বিএসএনএলের ১০৮টি 4G সম্পৃক্ত মোবাইল টাওয়ার গ্রামীণ এলাকায় ডিজিটাল সংযোগকে শক্তিশালী করতে বড় ভূমিকা নেবে। এটি দেশব্যাপী ডিজিটাল অবকাঠামো গঠনে এক ঐতিহাসিক পদক্ষেপ। আজ মোহনপুরের নোয়াগাঁও-এ এক অনুষ্ঠানে তিনি একথা বলেন।

তিনি বলেন দ্রুত ইন্টারনেট পৌঁছে দিতে এখন 4G নেটওয়ার্ক চালু করা হচ্ছে, পাশাপাশি এর সঙ্গে যুক্ত হবে 5G-র সুবিধা। ই-কমার্স, সোশ্যাল মিডিয়া, ডিজিটাল হেলথ কেয়ার, বায়োটেকনোলজি সহ নানা ক্ষেত্রে 4G নেটওয়ার্ক গ্রামীণ মানুষদের জন্য বড় সহায়ক হবে।

******************************

**GST Reforms :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা জিএসটির হার সংস্কারের বিষয়ে আজ পেচারথল বাজারের ব্যবসায়ীদের সঙ্গে মত বিনিময় করেন এবং এর সুফল সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, জিএসটির হার হ্রাসের ফলে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দামও কমেছে, এতে প্রতিটি পরিবার সরাসরি উপকৃত হবে।

***************************

**SEVA Pakhwada-Unakoti :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে সেবা পাক্ষিক কার্যক্রম এর উদ্বোধন করেন। অনুষ্ঠানে মানসিক দিব্যাঙ্গজনদের পাঁচ হাজার টাকা করে ভাতার মঞ্জুরীপত্র, দিব্যাঙ্গজন কৃতি খেলোয়াড়দের সংবর্ধনা প্রদান করা হয়। তাছাড়া অঙ্গনওয়াড়ি কর্মীদের

এন্ড্রয়েড মোবাইল ফোন বিতরণ করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলার অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা প্রমুখ।

****************************

**SEVA Pakhwada–North :**

সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে সেবা পাক্ষিক–২০২৫ উপলক্ষে আজ ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য্য স্মৃতি ভবনে আয়োজিত অনুষ্ঠানে কৃতি দিব্যাঙ্গ খেলোয়াড়দের সংবর্ধনা এবং দিব্যাঙ্গজনদের বিভিন্ন সহায়ক সামগ্রী প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী শ্রী টিংকু রায়, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ, জেলা শাসক চাঁদনী চন্দ্রন প্রমুখ।

***************************

**Maan–Ki–Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর 'মন–কি–বাত' অনুষ্ঠানে দেশ–বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন–কি–বাত'–এর ১২৬তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন–কি–বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Minister Tinku Roy :**

ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের ছনতৈলে লায়ন্স এবং লিও ক্লাব আয়োজিত বিনামূল্যে সামগ্রী বিতরণের হাট-বাজারের উদ্বোধন করেন। দুর্গোৎসবের প্রাক্কালে আর্থিকভাবে অসচ্ছল মানুষের জন্য এই কর্মসূচির আয়োজন করায় তিনি উদ্যোক্তাদের ধন্যবাদ জানান। বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, লায়ন্স এর ডেপুটি গর্ভনর মনোজ ভজঙ্কি, কৈলাশহর লায়ন্স ক্লাবের সভানেত্রী শুক্লা বণিক প্রমুখ।

****************************

**SEVA Pakhwada-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সঠিক পরিচর্যা, সচেতনতা সৃষ্টি এবং ভালোবাসার মাধ্যমে দিব্যাঙ্গজনরাও আত্মনির্ভরতার পথ খুঁজে পাবেন। শারীরিক বা মানসিক সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও তারা আজ বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। আজ আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে 'সেবা পাক্ষিক-২০২৫' অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন।

মুখ্যমন্ত্রী বলেন, দিব্যাঙ্গজনরা সমাজের অবিচ্ছেদ্য অংশ। সমাজ গঠনে তাদেরও অবদান রয়েছে। রাজ্যের বর্তমান সরকার সমাজের প্রতিটি মানুষের উন্নতির পাশাপাশি দিব্যাঙ্গজনদের উন্নতির জন্যও আন্তরিকতার সঙ্গে কাজ করছে। দিব্যাঙ্গজনদের কল্যাণে রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে তা মুখ্যমন্ত্রী অনুষ্ঠানে তুলে ধরেন। তিনি জানান, চিফ মিনিস্টার্স স্কিম ফর পার্সনস উইথ ইন্টেলেকচুয়াল ডিজেবিলিটিস প্রকল্পে ৮৯১ জন দিব্যাঙ্গকে আর্থিক সহায়তা করা হবে। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর আজ এই প্রকল্পটি চালু করেছে। এজন্য ব্যয় হবে ৪৪ লক্ষ ৫৫ হাজার টাকা। মুখ্যমন্ত্রী সামাজিক সহায়তা প্রকল্প নামে একটি প্রকল্পের মাধ্যমে দিব্যাঙ্গজনদের সাহায্য করা হচ্ছে। বর্তমানে রাজ্যে ১৯,৫৮২ জন দিব্যাঙ্গ ব্যাক্তিকে ২ হাজার টাকা করে প্রতি মাসে ভাতা দেওয়া হচ্ছে। দিব্যাঙ্গজনদের অধিকার রক্ষার জন্য রাজ্য ও জেলাস্তরে কমিটি গঠন করা হয়েছে। বর্তমানে রাজ্যে ৮টি ডিডিআরসি রয়েছে। সারা রাজ্যে ৪১,৮১২ জনকে ডিজেবিলিটি আইডেন্টিটি কার্ড দেওয়া হয়েছে।

#######Byte-CM#######

অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য ও সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সচিব তাপস রায়।

**************************

**OPD-Open :**

আগামীকাল ২৮শে সেপ্টেম্বর থেকে ৬ই অক্টোবর রবিবার, মহাসপ্তমী, মহাঅষ্টমী, মহানবমী, বিজয়া দশমী, দুই দিন অতিরিক্ত ছুটি, রবিবার এবং লক্ষ্মী পূজা পর্যন্ত পরপর নয় দিন সরকারি ছুটি থাকায় আগামী ২৯শে সেপ্টেম্বর, পয়লা অক্টোবর এবং চৌঠা অক্টোবর এই দিনগুলোতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীন সমস্ত হাসপাতালের বহির্বিভাগ যথারীতি খোলা থাকবে। স্বাস্থ্য দপ্তর থেকে এখবর জানানো হয়েছে।

************************

**Co-Oparetive Minister :**

সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া আজ বিলোনীয়ার অগ্নিবীণা হলে দিব্যাঙ্গজনদের মধ্যে বিভিন্ন সহায়ক সামগ্রী বিতরণ করেন। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের সদস্য দীপায়ন চৌধুরী প্রমুখ।

***************************

**Weather-Puja :**

আবহাওয়া দপ্তরের পূর্বাভাষে আজ বলা হয়েছে, দুর্গাপূজার দিনগুলিতে রাজ্যে একটানা ভারী বৃষ্টির কোনো সম্ভাবনা নেই। তবে রাজ্যের কিছু কিছু স্থানে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী তিন দিন দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। পয়লা অক্টোবর থেকে দিনের তাপমাত্রা ধীরে ধীরে কমতে শুরু করবে। চলতি মাসের তৃতীয় সপ্তাহে রাজ্য থেকে বর্ষা আনুষ্ঠানিকভাবে বিদায় নিতে পারে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে।

**************************